গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল

(এন আই এন এস)

শের-ই-বাংলা নগর, ঢাকা, বাংলাদেশ

স্মারক নং-৩২/এনআইএনএস/একাডেমিক/এফসিপিএস/ভর্তি/জুলাঃ২৬/২০২৫-২৬/২৬২৬ তারিখঃ ১৭/০২/২০২৬ খ্রি.

পেডিয়াট্রিক নিউরোলজী ও ডেভেলপমেন্ট এফ.সি.পি.এস ২য় পর্ব কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস ও সার্জনস এর অধীনে অত্র ইনস্টিটিউটে জুলাই, ২০২৬খ্রি. সেশনে ০৩ (তিন) বছর মেয়াদি এফসিপিএস ২য় পর্ব পেডিয়াট্রিক নিউরোলজী ও ডেভেলপমেন্ট কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ভর্তির শর্তাবলী ঃ

১. প্রার্থীদের জেনারেল পেডিয়াট্রিক-এ এফ.সি.পি.এস/এম.ডি উত্তীর্ণ হইতে হবে।
২. ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ আগামী ২৫/০৩/২০২৬খ্রি. (অফিস চলাকালীন সময়)
৩. লিখিত ও মৌখিক পরীক্ষা আগামী ২৮/০৩/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকায় অত্র ইনস্টিটিউটে অনুষ্ঠিত হইবে।
৪. সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখের পূর্বে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অথবা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের চাকুরীর মেয়াদ নূন্যতম ০২ (দুই) বৎসর পূর্ণ হইতে হইবে।
৫. সরকারী চাকুরীরত প্রার্থীদের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় নির্দেশিত প্রেষন নীতিমালা প্রযোজ্য হইবে।
৬. সরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারী চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
৭. মোট ০৬ (ছয়) জন ছাত্র/ছাত্রী (৩ জন সরকারী, ৩ জন বেসরকারী) ভর্তি করা হবে।
৮. ভর্তির আবেদন ফরম অফিস চলাকালীন সময়ে অত্র অফিসের ৩২৪ নং কক্ষ অথবা www.nins.gov.bd হইতে সংগ্রহ করা যাইবে।
৯. অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হইবে ঃ

ক) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি
খ) সরকারী চাকুরীরতদের উপজেলা পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বছর চাকুরীর প্রমানপত্র।
গ) পাশ করার পর শিশু বিষয়ে ৩ বৎসরের কর্মস্থলের কাগজ (এফ.সি.পি.এস/এম.ডি (পেডিয়াট্রিক) ডিগ্রী অর্জনের পর শিশু বিভাগে ন্যূনতম তিন বছর চাকুরির অভিজ্ঞতার প্রমানপত্র)।
গ) বর্তমান কর্মস্থলের প্রত্যয়নপত্র।
ঘ) সত্যায়িত ফটোকপি- এস.এস.সি সার্টিফিকেট, এম.বি.বি.এস সার্টিফিকেট, ইন্টার্নশীপ সার্টিফিকেট, বিএমডিসি রেজিস্ট্রেশন সার্টিফিকেট, এফ.সি.পি.এস/এমডি (পেডিয়াট্রিকস) সার্টিফিকেট।
ঙ) জীবন বৃত্তান্ত।
চ) যোগাযোগের ঠিকানা (ফোন নম্বর সহ)

(অধ্যাপক ডাঃ কাজী গিয়াস উদ্দিন আহমেদ)
পরিচালক
ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

CamScanner